



আয-যারিয়াত

AzZariat

الذَّارِيَات

পবম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. কসম ঝঞ্জাবায়ুর।

1. By those (winds)
that scatter (dust),
dispersing (it).

وَالذَّارِيَاتِ ذُرْوًا

2. অতঃপর বোঝা
বহনকারী মেঘের।

2. Then those (clouds)
that carry the burden
(of water).

فَالْحَامِلَاتِ وِقْرًا

3. অতঃপর মৃদু চলমান
জলযানের,

3. Then those (ships)
sailing with ease (upon
the sea).

فَالْجَارِيَاتِ يُسْرًا

4. অতঃপর কর্ম
বন্টনকারী ফেরেশতাগণের,

4. Then those (angels)
distributing (by)
command.

فَالْمُقْسِمَاتِ أَمْرًا

5. তোমাদের প্রদত্ত ওয়াদা
অবশ্যই সত্য।

5. Indeed, that which
you are promised is
surely true.

إِنَّمَا تُوعَدُونَ لَصَادِقٌ

6. ইনসাফ অবশ্যস্বাবী।

6. And indeed, the
rewards and
punishments is sure to
occur.

وَإِنَّ الدِّينَ لَوَاقِعٌ

7. পথবিশিষ্ট আকাশের
কসম,

7. By the heaven of
pathways.

وَالسَّمَاءِ ذَاتِ الْحُبُوبِ

8. তোমরা তো বিরোধপূর্ণ
কথা বলছ।

8. Indeed, you are in
differing opinion.

إِنَّكُمْ لَفِي قَوْلٍ مُّخْتَلِفٍ

9. যে ভ্রষ্ট, সেই এ থেকে মুখ ফিরায়,

9. Turned away from it (the Quran) is he who is averse.

يُؤْفِكُ عَنْهُ مَنْ أُوْفِكَ ١

10. অনুমানকারীরা ধ্বংস হোক,

10. Destroyed are those who judge by conjecture.

قُتِلَ الْخُرَّصُونَ ٢

11. যারা উদাসীন, ভ্রান্ত।

11. Those who are engrossed in heedlessness.

الَّذِينَ هُمْ فِي غَمْرَةٍ سَاهُونَ ٣

12. তারা জিজ্ঞাসা করে, কেয়ামত কবে হবে?

12. They ask: "When will be the Day of Recompense."

يَسْأَلُونَ أَيَّانَ يَوْمِ الدِّينِ ٤

13. যেদিন তারা অগ্নিতে পতিত হবে,

13. The Day they will be tormented over the Fire.

يَوْمَ هُمْ عَلَى النَّارِ يُفْتَنُونَ ٥

14. তোমরা তোমাদের শাস্তি আশ্বাদন কর। তোমরা একেই স্বরাশ্রিত করতে চেয়েছিল।

14. (It will be said): "Taste your torment. This is that for which you used to seek to be hastened."

ذُوقُوا فِتْنَتَكُمْ هَذَا الَّذِي كُنْتُمْ بِهِ تَسْتَعْجِلُونَ ٦

15. খোদাভীরুরা জান্নাতে ও প্রস্রবণে থাকবে।

15. Indeed, the righteous will be among gardens and springs.

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَعُيُونٍ ٧

16. এমতাবস্থায় যে, তারা গ্রহণ করবে যা তাদের পালনকর্তা তাদেরকে দেবেন। নিশ্চয় ইতিপূর্বে তারা ছিল সৎকর্মপরায়ণ,

16. Receiving what their Lord has given them. Indeed, they were, before this, doers of good.

أَخْذِينَ مَا آتَاهُمْ رَبُّهُمْ إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَلِكَ مُحْسِنِينَ ٨

17. তারা রাত্রির সামান্য অংশেই নিদ্রা যেত,

17. They used to sleep little of the night.

كَانُوا قَلِيلًا مِّنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ ٩

18. রাতের শেষ প্রহরে তারা ক্ষমাপ্রার্থনা করত,

18. And in the hours of dawn, they ask for forgiveness.

وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُونَ ١٠

19. এবং তাদের ধন-সম্পদে প্রার্থী ও বঞ্চিতের হক ছিল।

19. And in their wealth was a right for the beggar and the deprived.

وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّائِلِ
وَالْمَحْرُومِ ﴿١٩﴾

20. বিশ্বাসকারীদের জন্যে পৃথিবীতে নিদর্শনাবলী রয়েছে,

20. And in the earth are signs for those certain in faith.

وَفِي الْأَرْضِ آيَاتٌ لِّلْمُوقِنِينَ
﴿٢٠﴾

21. এবং তোমাদের নিজেদের মধ্যেও, তোমরা কি অনুধাবন করবে না?

21. And in your own selves. Do you then not see.

وَفِي أَنْفُسِكُمْ أَفَلَا تُبْصِرُونَ
﴿٢١﴾

22. আকাশে রয়েছে তোমাদের বিধিক ও প্রতিশ্রুত সবকিছু।

22. And in the heaven is your provision and that which you are promised.

وَفِي السَّمَاءِ رِزْقُكُمْ وَ مَا
تُوعَدُونَ ﴿٢٢﴾

23. নভোমন্ডল ও ভূমন্ডলের পালনকর্তার কসম, তোমাদের কথাবার্তার মতই এটা সত্য।

23. Then by the Lord of the heaven and the earth, indeed it is truth, just as (the truth) that you are speaking.

فَوَرَبِّ السَّمَاءِ وَالْأَرْضِ إِنَّهُ
لَحَقُّ مِثْلَ مَا أَنْتُمْ
تَتَطِقُونَ ﴿٢٣﴾

24. আপনার কাছে ইব্রাহীমের সম্মানিত মেহমানদের বৃত্তান্ত এসেছে কি?

24. Has there reached you the story of the honored guests of Abraham.

هَلْ أَتَتْكَ حَدِيثُ صَيْفِ
إِبْرَاهِيمَ الْمُكْرَمِينَ ﴿٢٤﴾

25. যখন তারা তাঁর কাছে উপস্থিত হয়ে বলল: সালাম, তখন সে বলল: সালাম। এরা তো অপরিচিত লোক।

25. When they came in to him, and they said: "Peace." He answered: "Peace, (you are) unfamiliar people."

إِذْ دَخَلُوا عَلَيْهِ فَقَالُوا سَلَامًا
قَالَ سَلَامٌ قَوْمٍ مُّنْكَرُونَ ﴿٢٥﴾

26. অতঃপর সে গ্রহে গেল এবং একটি ঘুতেপক্ক মোটা গোবৎস নিয়ে হাযির হল।

26. Then he turned to his household, then brought out a roasted calf.

فَرَاغَ إِلَىٰ أَهْلِهِ فَجَاءَ بِعِجَلٍ
سَمِينٍ ﴿٢٦﴾

27. সে গোবৎসটি তাদের সামনে রেখে বলল: তোমরা আহাৰ কৰছ না কেন?

27. Then he put it before them, he said: "Will you not eat."

فَقَرَّبَهُ إِلَيْهِمْ قَالَ أَلَا تَأْكُلُونَ ﴿٧٧﴾

28. অতঃপর তাদের সম্পর্কে সে মনে মনে ভীত হল: তারা বলল: ভীত হবেন না। তারা তাঁকে একটু জ্ঞানীশুণী পুত্র সন্তানের সুসংবাদ দিল।

28. Then he became afraid of them. They said: "Fear not." And they gave him good tidings of a son, possessing knowledge.

فَأَوْجَسَ مِنْهُمْ خِيفَةً قَالُوا لَا تَخَفْ وَبَشَّرُوهُ بِغُلَامٍ عَلِيمٍ ﴿٧٨﴾

29. অতঃপর তাঁর স্ত্রী চীৎকার করতে করতে সামনে এল এবং মুখ চাপড়িয়ে বলল: আমি তো বৃদ্ধা, বন্ধ্যা।

29. Then his wife came forward, with a cry, and she smote her face, and she said: "An old woman, barren."

فَأَقْبَلَتِ امْرَأَتُهُ فِي صَرََّةٍ فَصَكَتْ وَجْهَهَا وَقَالَتْ عَجُوزٌ عَقِيمٌ ﴿٧٩﴾

30. তারা বলল: তোমার পালনকর্তা একপই বলেছেন। নিশ্চয় তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।

30. They said: "Thus has said your Lord. Indeed, He is the All Wise, the All Knowing."

قَالُوا كَذَلِكَ قَالَ رَبُّكَ إِنَّهُ هُوَ الْحَكِيمُ الْعَلِيمُ ﴿٨٠﴾

31. ইব্রাহীম বলল: হে প্রেরিত ফেরেশতাগণ, তোমাদের উদ্দেশ্য কি?

31. He (Abraham) said: "Then what is your errand, O you who have been sent."

قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٨١﴾

32. তারা বলল: আমরা এক অপরাধী সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছি,

32. They said: "Indeed, we have been sent to a criminal people."

قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلَى قَوْمٍ مُّجْرِمِينَ ﴿٨٢﴾

33. যাতে তাদের উপর মাটির টিলা নিষ্ক্ষেপ করি।

33. "That we may send upon them stones of baked clay."

لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِنْ طِينٍ ﴿٨٣﴾

34. যা সীমাতিক্রমকারীদের জন্যে আপনার পালনকর্তার

34. "Marked with your Lord for the

مُسَوَّمَةٌ عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِينَ

কাছে চিহ্ন?ত আছে।

transgressors.”



35. অতঃপর সেখানে যারা ঈমানদার ছিল, আমি তাদেরকে উদ্ধার করলাম।

35. Then We evacuated whoever was therein of the believers.

فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِينَ ﴿١٥﴾

36. এবং সেখানে একটি গৃহ ব্যতীত কোন মুসলমান আমি পাইনি।

36. So We did not find within them other than one (single) house of Muslims.

فَمَا وَجَدْنَا فِيهَا غَيْرَ بَيْتٍ مِنَ الْمُسْلِمِينَ ﴿١٦﴾

37. যারা যন্ত্রণাদায়ক শাস্তিকে ভয় করে, আমি তাদের জন্যে সেখানে একটি নিদর্শন রেখেছি।

37. And We left behind therein a sign for those who fear the painful punishment.

وَتَرَكْنَا فِيهَا آيَةً لِلَّذِينَ يَخَافُونَ الْعَذَابَ الْأَلِيمَ ﴿١٧﴾

38. এবং নিদর্শন রয়েছে মূসার বৃত্তান্তে; যখন আমি তাকে সুস্পষ্ট প্রমাণসহ ফেরাউনের কাছে প্রেরণ করেছিলাম।

38. And in Moses (there is a sign), when We sent him to Pharaoh with a clear authority.

وَفِي مُوسَىٰ إِذْ أَرْسَلْنَاهُ إِلَىٰ فِرْعَوْنَ بِسُلْطَانٍ مُّبِينٍ ﴿١٨﴾

39. অতঃপর সে শক্তিবলে মুখ ফিরিয়ে নিল এবং বলল: সে হয় যাদুকর, না হয় পাগল।

39. Then he turned away in his might, and he said: “A wizard or a madman.”

فَتَوَلَّىٰ بُرْكُنَيْهِ وَقَالَ سِحْرٌ أَوْ جُنُونٌ ﴿١٩﴾

40. অতঃপর আমি তাকে ও তার সেনাবাহিনীকে পাকড়াও করলাম এবং তাদেরকে সমুদ্রে নিক্ষেপ করলাম। সে ছিল অভিযুক্ত।

40. So We seized him and his hosts and cast them into the sea, and he became blameworthy.

فَأَخَذْنَاهُ وَجُنُودَهُ فَنَبَذْنَاهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيمٌ ﴿٢٠﴾

41. এবং নিদর্শন রয়েছে তাদের কাহিনীতে; যখন আমি তাদের উপর প্রেরণ করেছিলাম অশুভ বায়ু।

41. And in Aad (there is a sign), when We sent upon them a barren wind.

وَفِي عَادٍ إِذْ أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيحَ الْعَقِيمَ ﴿٢١﴾

42. এই বায়ু যার উপর দিয়ে প্রবাহিত হয়েছিল: তাকেই চূর্ণ-বিচূর্ণ করে দিয়েছিল।

42. It spared not of anything it reached upon, but made it like disintegrated ruins.

مَا تَذَرُ مِنْ شَيْءٍ أَتَتْ عَلَيْهِ إِلَّا جَعَلَتْهُ كَالرَّمِيمِ ط

43. আরও নিদর্শন রয়েছে সামুদের ঘটনায়; যখন তাদেরকে বলা হয়েছিল, কিছুকাল মজা লুটে নাও।

43. And in Thamud (there is a sign), when it was said to them: "Enjoy yourselves for a while."

وَفِي ثَمُودَ إِذْ قِيلَ لَهُمْ تَمَتَّعُوا حَتَّىٰ حِينٍ ط

44. অতঃপর তারা তাদের পালনকর্তার আদেশ অমান্য করল এবং তাদের প্রতি বজ্রঘাত হল এমতাবস্থায় যে, তারা তা দেখেছিল।

44. Then they were defiant of the command of their Lord. So the thunderbolt seized them while they were looking on.

فَعْتَوْا عَنْ أَمْرِ رَبِّهِمْ فَأَخَذَتْهُمُ الصَّعِقَةُ وَهُمْ يَنْظُرُونَ ط

45. অতঃপর তারা দাঁড়াতে সক্ষম হল না এবং কোন প্রতিকারও করতে পারল না।

45. Then they were not able to rise up, nor could they help themselves.

فَمَا اسْتَطَاعُوا مِنْ قِيَامٍ وَمَا كَانُوا مُنْتَصِرِينَ ط

46. আমি ইতিপূর্বে নূহের সম্প্রদায়কে ধ্বংস করেছি। নিশ্চিতই তারা ছিল পাপাচারী সম্প্রদায়।

46. And the people of Noah before, indeed they were a people disobedient.

وَقَوْمَ نُوحٍ مِّنْ قَبْلُ إِنَّهُمْ كَانُوا قَوْمًا فَسِيقِينَ ط

47. আমি স্বীয় ক্ষমতাবলে আকাশ নির্মাণ করেছি এবং আমি অবশ্যই ব্যাপক ক্ষমতালী।

47. And the heaven We built it with strength. And indeed, We (have the power to) make the vast extent (thereof).

وَ السَّمَاءَ بَنَيْنَاهَا بِأَيْدٍ وَإِنَّا لَمُوسِعُونَ ط

48. আমি ভূমিকে বিছিয়েছি। আমি কত সুন্দরভাবেই না বিছাতে সক্ষম।

48. And the earth We have spread it out, so how excellent Spreader We are.

وَ الْأَرْضَ فَرَشْنَاهَا فَنِعْمَ الْمَاهِدُونَ ط

49. আমি প্রত্যেক বস্তু জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি, যাতে তোমরা হৃদয়ঙ্গম কর।

49. And of all things We have created in pairs, that you may remember.

وَمِنْ كُلِّ شَيْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿٤٩﴾

50. অতএব, আল্লাহর দিকে ধাবিত হও। আমি তাঁর তরফ থেকে তোমাদের জন্য সুস্পষ্ট সতর্ককারী।

50. So flee unto Allah. Indeed, I am to you from Him a clear warner.

فَفِرُّوْا إِلَى اللَّهِ إِنَّهُ نَذِيرٌ مُّبِينٌ ﴿٥٠﴾

51. তোমরা আল্লাহর সাথে কোন উপাস্য সাব্যস্ত করো না। আমি তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য সুস্পষ্ট সতর্ককারী।

51. And do not make with Allah another god. Indeed, I am to you from Him a clear warner.

وَلَا تَجْعَلُوا مَعَ اللَّهِ إِلَهًا آخَرَ إِنَّهُ لَكُمْ مِنْهُ نَذِيرٌ مُّبِينٌ ﴿٥١﴾

52. এমনভাবে, তাদের পূর্ববর্তীদের কাছে যখনই কোন রসূল আগমন করেছে, তারা বলছে: যাদুকর, না হয় উম্মাদ।

52. Likewise, there did not come to those before them any messenger except they said: "A sorcerer or a madman."

كَذَلِكَ مَا آتَى الَّذِينَ مِنْ قَبْلِهِمْ مِنْ رَسُولٍ إِلَّا قَالُوا سَاحِرٌ أَوْ مُجْنُونٌ ﴿٥٢﴾

53. তারা কি একে অপরকে এই উপদেশই দিয়ে গেছে? বস্তুতঃ ওরা দুষ্ট সম্প্রদায়।

53. Did they suggest it (to each other). But they are a rebellious people.

أَتَوَاصَوْا بِهِ بَلْ هُمْ قَوْمٌ طَٰغُونَ ﴿٥٣﴾

54. অতএব, আপনি ওদের থেকে মুখ ফিরিয়ে নিন। এতে আপনি অপরাধী হবেন না।

54. So turn away from them, for you are not to be blamed.

فَتَوَلَّ عَنْهُمْ فَمَا أَنْتَ بِمَلُومٍ ﴿٥٤﴾

55. এবং বোঝাতে থাকুন; কেননা, বোঝানো মুমিনদের উপকারে আসবে।

55. And remind, for indeed, the reminding benefits the believers.

وَ ذَكِّرْ فَإِنَّ الذِّكْرَى تَنْفَعُ الْمُؤْمِنِينَ ﴿٥٥﴾

56. আমার এবাদত করার জন্যই আমি মানব ও জিন জাতি সৃষ্টি করেছি।

56. And I have not created the jinn and the mankind except that they should worship Me.

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ ﴿٥٦﴾

57. আমি তাদের কাছে জীবিকা চাই না এবং এটাও চাই না যে, তারা আমাকে আহাৰ্য যোগাবে।

57. I do not want from them any provision, nor do I want that they feed Me.

مَا أُرِيدُ مِنْهُمْ مِنْ رِزْقٍ وَمَا أُرِيدُ أَنْ يُطْعَمُونِ ﴿٥٧﴾

58. আল্লাহ তা'আলাই তো জীবিকাদাতা শক্তির আধার, পরাক্রান্ত।

58. Indeed Allah, He is the Provider, the possessor of power, the Strong.

إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينِ ﴿٥٨﴾

59. অতএব, এই যালেমদের প্রাপ্য তাই, যা ওদের অতীত সহচরদের প্রাপ্য ছিল। কাজেই ওরা যেন আমার কাছে তা তাড়াতাড়ি না চায়।

59. Then indeed, for those who have wronged is a portion (of punishment) like the portion of their companions (of old), so let them not ask Me to hasten.

فَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا ذُنُوبًا مِثْلَ ذُنُوبِ أَصْحَابِهِمْ فَلَا يَسْتَعْجِلُونَ ﴿٥٩﴾

60. অতএব, কাফেরদের জন্যে দুর্ভোগ সেই দিনের, যেদিনের প্রতিশ্রুতি ওদেরকে দেয়া হয়েছে।

60. Then, woe to those who disbelieve from their Day which they have been promised.

فَوَيْلٌ لِلَّذِينَ كَفَرُوا مِنْ يَوْمِهِمُ الَّذِي يُوْعَدُونَ ﴿٦٠﴾

